# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিসাববিজ্ঞান

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক-বিভাগ

১.▶ **করিম ব্রাদার্স**

**রেওয়ামিল**

**২০১৬ সালের ৩১ ডিসেম্বর**

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | স্থায়ী সম্পদ | | ৫০,০০০ | |
| ২. | ১০% বিনিয়োগ | | ১০,০০০ | |
| ৩. | কু-ঋণ ও কু-ঋণ সঞ্চিতি | | ২,০০০ | ৪,০০০ |
| ৪. | দেনাদার ও পাওনাদার | | ২৫,০০০ | ৩৮,০০০ |
| ৫. | বেতন ও বকেয়া বেতন | | ৫,০০০ | ৩,০০০ |
| ৬. | সাধারণ খরচ | | ৫,০০০ | |
| ৭. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৮০,০০০ | |
| ৮. | ক্রয় ও বিক্রয় | | ১,৮০,০০০ | ২,৩৭,০০০ |
| ৯. | উত্তোলন ও মূলধন | | ৪০,০০০ | ১,২০,০০০ |
| | | | ৪,০২,০০০ | ৪,০২,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. মজুদ পণ্য ১,০০,০০০ টাকা। ২. ধারে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি ১০,০০০ টাকা। ৩. কুঋণ বাবদ ১,০০০ টাকা অবলোপন করতে হবে

https://teachingbd24.com

এবং অবশিষ্ট দেনাদারের ওপর ১০% সঞ্চিতি ধরতে হবে। ৪. মূলধনের ওপর ৫% সুদ ধরতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ কত? ২

খ. মোট আয় ৭৫,০০০ টাকা, ধরে নিট আয় নির্ণয় করো। ৪

গ. মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো। ৪

২. ▶ মি.সাদেক একজন একমালিকানা কারবারি। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তার সম্পদ ও দায়ের উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

মি. সাদেক
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ব্যাংক জমাতিরিক্ত | | | ২০,০০০ |
| ২. | মূলধন | | | ২,৫০,০০০ |
| ৩. | বিশদ আয় বিবরণীর আয় অতিরিক্ত ব্যয় | | ৫০,০০০ | |
| ৪. | বকেয়া মজুরি | | | ৫০০ |
| ৫. | দেনাদার | | ৫০,০০০ | |
| ৬. | নগদ | | ৬৯,০০০ | |
| ৭. | অগ্রিম ভাড়া | | ১,৫০০ | |
| ৮. | আসবাবপত্র | | ৩০,০০০ | |
| ৯. | যন্ত্রপাতি | | ১,০০,০০০ | |
| ১০. | ঋণ | | | ৩০,০০০ |
| | | | ৩,০০,৫০০ | ৩,০০,৫০০ |

অন্যান্য তথ্যসমূহ: ১. বছর শেষে ক্রয় মূল্য ১৫,০০০ টাকা এবং বাজার মূল্য ১২,০০০ টাকা। ২. মি. সাদেকের ২,০০০ টাকার একজন দেনাদার দেউলিয়া হয়েছে।

https://teachingbd24.com

ক. মি. সাদেকের চলতি দায়ের পরিমাণ কত? ২

খ. মি. সাদেক এর চলতি সম্পদ ও স্থায়ী সম্পদের পার্থক্য কত তা নির্ণয় করো। ৪

গ. মি. সাদেক এর মোট দায় ও মোট মালিকানাস্বত্ব এর পরিমণ নির্ণয় করো। ৪

## খ-বিভাগ

৩.▶ জনাব নুহাদ একজন খুচরা ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানের ২০১৬ সালের নভেম্বর মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে—

| | | |
|---|---|---|
| নভে. | ১ | ঋণ গ্রহণ ২০,০০০ টাকা। |
| " | ৩ | পণ্য নগদে ক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ৫ | হাবির এর নিকট নগদে পণ্য বিক্রয় ২,০০০ টাকা। |
| " | ১৫ | ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা। |

ক. উপযুক্ত তথ্যের আলোকে সম্পদ বৃদ্ধির পরিমাণ কত? ২

খ. প্রতিটি লেনদেন এর সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ করো। ৪

গ. 'সম্পদ বৃদ্ধি ও রেভিনিউ বৃদ্ধি, সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি' সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি এবং সম্পদ বৃদ্ধি ও সম্পদ হ্রাস' এর চারটি লেনদেন মিলকরণ করো। ৪

৪.▶ জনাব নিবা একজন পাইকারি ব্যবসায়ী। ২০১৫ সালের জুলাই মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে:

| | | |
|---|---|---|
| জুলাই | ৭ | মুন-এর নিকট ৭% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১৮৫। |
| " | ১৩ | মনিহারি দ্রব্য ক্রয়-১২,০০০ টাকা। |
| " | ১৮ | রমিজার নিকট $২^১/_২$% বাট্টায় ২০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১৯৮। |

https://teachingbd24.com

জুলাই ২০ ব্যাংকে জমা দেওয়া হল ২৫,০০০ টাকা।

ক. জুলাই ১৩ তারিখের লেনদেন এর সাহায্য একটি ডেবিট ভাউচার তৈরি করো। ২

খ. উপযুক্ত লেনদেন এর ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. জনাব নিবা এর লেনদেনসমূহ সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

৫.▶ জনাব টিপু ২০১৬ সালের ১ জুন তারিখে ৪০,০০০ টাকা নগদ এবং ১০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার শুরু করেন।

| | | |
|---|---|---|
| জুন | ২ | ক্রয় ৫,০০০ টাকা। |
| " | ১৮ | নগদ টাকা চুক্তি ২,০০০ টাকা। |
| " | ২২ | আয়কর প্রদান ৩,০০০ টাকা। |
| " | ২৫ | ধারে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা। |
| " | ২৭ | দেনাদার হতে প্রাপ্তি ২,০০০ টাকা। |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. জাবেদা প্রস্তুত করো। ৪

গ. নগদান, বিক্রয়, দেনাদার ও উত্তোলন হিসাবের জের নির্ণয় করো। ৪

Teachingbd24.com

৬.▶ ২০১৫ সালের জনাব কাশেম শিকদার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মে | ১ | নগদ ও ব্যাংকে জমা ৫০,০০০ এবং ১০,০০০ টাকা। |
| " | ৫ | করিম এর নিকট হতে বাকিতে মাল ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ৮ | ক্রয় ৪,০০০ টাকা। |
| " | ১০ | বিক্রয় ১০,০০০ টাকা। |
| " | ১৫ | করিমের নিকট হতে প্রাপ্তি ৮,০০০ টাকা। |
| " | ২০ | মাল বিক্রয় করে চেক প্রাপ্তি ৫,০০০ টাকা। |
| " | ৩০ | অনাদায়ী পাওনা লেখা হল ২,০০০ টাকা। |

https://teachingbd24.com

ক. অনগদ লেনদেনের পরিমাণ কত? ২

খ. ৮, ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলো দ্বারা জাবেদা তৈরি করো। ৪

গ. উপযুক্ত লেনদেন এর ভিত্তি করে একটি দু'ঘরা নগদান বই তৈরি করো। ৪

৭.▶ আলম এন্ড ব্রাদার্স এর ২০১৬ সালের ডিসেম্বর মাসে খতিয়ান উদ্বৃত্ত ছিল নিম্নরূপ:

| ক্র. নং | হিসাবের নাম | টাকা |
|---|---|---|
| ১. | মজুদ পণ্য (১-১-১৬) | ৫০,০০০ |
| ২. | ক্রয় | ৭০,০০০ |
| ৩. | বিমা সেলামি | ১৫,০০০ |
| ৪. | কমিশন | ৫,০০০ |
| ৫. | বিক্রয় | ১,০০,০০০ |
| ৬. | প্রারম্ভিক ব্যাংক-ব্যালেন্স | ২৫,০০০ |
| ৭. | প্রদত্ত বাট্টা | ১২,০০০ |
| ৮. | বকেয়া বেতন | ৪৫,০০০ |
| ৯. | নগদ তহবিল (৩১-১২-১৬) | ৭৫,০০০ |
| ১০. | মূলধন | ৭৫,০০০ |
| ১১. | অগ্রিম শিক্ষানবিশ সেলামী | ১০,০০০ |
| ১২. | সমাপনী মজুদ পণ্য | ৬৫,০০০ |

ক. আল এন্ড ব্রাদার্স-এর রেওয়ামিলে যেসব এন্ট্রি অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২

খ. উক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা রেওয়ামিল তৈরি করো। ৪

গ. উক্ত রেওয়ামিল হতে মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

৮.▶ মি. শিউলী প্রতিটি ৪৫০ টাকা দরে ২৩৫টি শার্ট ক্রয় করেন। তিনি প্যাকিং খরচ ১০০ টাকা, খুলি খরচ ২০০ টাকা এবং পরিবহন বাবদ ৭০০ টাকা খরচ করেন। তাছাড়া তিনি শার্ট বিক্রয়ের জন্য ড্রেসরুম খরচ ১০০ টাকা, কর্মচারীর বেতন ২,০০০ টাকা ও প্রতিটি শার্টের জন্য ১০ টাকা হারে কমিশন ধার্য করেন। তিনি শার্ট বিক্রয় বাবদ মোট ১,৪০,০০০ টাকা পেলেন।

Teachingbd24.com

ক. প্রতিটি শার্টের ক্রয় মূল্য কত? ২

খ. শার্টের মোট ব্যয় নির্ণয় করো। ৪

গ. মি. শিউলীর মুনাফা কত? তিনি যদি ১০% হারে মুনাফা করতে চান তখন তাকে প্রতিটি শার্টের বিক্রয় মূল্য কত হবে? ৪

৯. ▶ জনাব আরিফের পরিবারের ১ জানুয়ারি ২০১৫ সালের সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-১৫) | ১,৮০,০০০ | খাদ্য ক্রয় | ৫৫,০০০ |
| বেতন প্রাপ্তি | ১,৮০,০০০ | মনিহারি | ৫,০০০ |
| বিনিয়োগের সুদ | ৭,০০০ | বাড়ি ভাড়া | ২৩,৫০০ |
| | | ঋণ পরিশোধ | ৫০,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ১,৫০০ |
| | | টিভি ক্রয় | ১৭,০০০ |
| | | হাতে নগদ | ৯৫,০০০ |
| | ২.৪৭,০০০ | | ২.৪৭,০০০ |

ক. জনাব আরিফের পরিবারের পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪

গ. জনাব আরিফের পরিবারের আর্থিক অবস্থার বিবরণ প্রস্তুত করো। ৪

১০. ▶ জনাব ফরিদের ব্যবসায়ের ২০১৫ সালের লেনদেনগুলো নিম্নরূপ:

| | |
|---|---|
| মূলধন | ১,০০,০০০ |
| কমিশন প্রাপ্তি | ৫,০০০ |
| বিনিয়োগের সুদ | ৮,০০০ |
| বিবিধ ক্ষতি | ২,০০০ |
| বেতন প্রদান | ৩,০০০ |
| অবচয় | ২,০০০ |

https://teachingbd24.com

| | |
|---|---|
| পুরাতন যন্ত্রপাতি বিক্রয় | ১২,০০০ |
| ব্যাংক ঋণ | ৪০,০০০ |
| প্রাথমিক ব্যয় | ৫,০০০ |
| আসবাবপত্র ক্রয় | ২০,০০০ |

ক. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

গ. মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪

১১.▶ জনাব কামরুল হাসান তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৫ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা ছিল। ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে তার ব্যবসায়ের নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল:

| বিবরণ | টাকা |
|---|---|
| হাতে নগদ | ১,৫০,০০০ |
| দেনাদার | ৪০,০০০ |
| পাওনাদার | ২৫,০০০ |
| মজুদ পণ্য | ৭০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ |
| আসবাবপত্র | ৪০,০০০ |

উক্ত বছরের জনাব কামরুল হাসান আরও ৫০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বছরে তিনি ১৫,০০০ টাকা নগদ এবং ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেন।

ক. জনাব কামরুল হাসানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. জনাব কামরুল হাসানের সমাপনী মূলধনের পরিমাণ কত? ৪

গ. ২০১৫ সালের জনাব কামরুল হাসানের ব্যবসায়ের লাভ/ক্ষতি পরিমাণ নির্ণয় করো। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ৪ ৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **প্রাপ্তি ও প্রদান হিসাবে অন্তর্ভুক্ত হয়—**
i. সকল প্রকার নগদ লেনদেন
ii. মূলধন ও মুনাফা জাতীয় আয়-ব্যয়
iii. সকল প্রকার অনগদ লেনদেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২. **দুতরফা দাখিলা পদ্ধতির উৎপত্তি কোনটি?**
ক ১৪৪১ খ্রিস্টাব্দ খ ১৩৯৪ খ্রিস্টাব্দ
গ ১৪৯৪ খ্রিস্টাব্দ ঘ ১৪৪৯ খ্রিস্টাব্দ

৩. **গরিব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্র ব্যবসায়ের কোন ধরনের দায়বদ্ধতা?**
ক সামাজিক খ নৈতিক
গ মানসিক ঘ আদর্শিক

**উদ্দীপকটি পড়ো এবং ৪-৭ নং প্রশ্নের উত্তর দাও**

জনাব নাসিম কাজল ব্রাদার্স-এর দৈনন্দিন লেন লিপিবদ্ধ করেন। তাছাড়া তিনি প্রতি মাসে ৩,ং টাকা পর্যন্ত খরচ নির্বাহ করার ক্ষমতা রাখেন। ব্যবসায়ের কর্মকাণ্ড বৃদ্ধি পাওয়ায় মার্চ ৩,৮০০ টাকা খরচ হবে বলে তিনি ধারণা করছে

৪. **জনাব নাসিমের কাজটি মূলত—**
ক হিসাবরক্ষণ
খ টাকা-পয়সা জমা রাখা
গ ব্যয় নির্বাহ করা
ঘ আর্থিক অবস্থা নিরূপণ করা

৫. **মার্চ মাসের খরচ বৃদ্ধিতে কাজল ব্রাদার্স সর্বাধিক প্রভাবিত হবে—**
ক আর্থিক বিবরণীতে খ ক্রয় বিক্রয়ে
গ লাভ-ক্ষতিতে ঘ সঞ্চয় প্রবণতায়

৬. **এ অবস্থায় জনাব নাসিমের দৃষ্টি দিতে হ**
ক সঞ্চয় প্রবণতায় খ বাজেট প্রণয়নে
গ জবাবদিহিতায় ঘ ব্যয়-হ্রাসকরণে

৭. **মার্চ মাসে অতিরিক্ত খরচ নির্বাহ করার কোন পদক্ষেপটি তার জন্য অধিকতর যুক্তি**
ক নিজে খরচ করার সিদ্ধান্ত নেওয়া
খ মালিকের সাথে আলোচনা করা
গ ব্যয় নিয়ন্ত্রণ করা
ঘ অতিরিক্ত খরচ না করা

৮. **লেনদেন সংক্রান্ত ঘটনা—**
i. সর্বদা দৃশ্যমান
ii. দৃশ্যমান ও অদৃশ্যমান উভয়ই হতে পারে
iii. কখনই দৃশ্যমান নয়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ i ও iii

৯. **মালিকানা স্বত্ব বলতে কী বোঝায়?**
ক সম্পত্তির ওপর পাওনাদারের অধিকার
খ সম্পত্তির ওপর মালিকের অধিকার
গ সম্পত্তির ওপর ভোক্তার অধিকার
ঘ ক ও খ উভয়ই

১০. **আবর্তক খরচ নয় কোনটি?**
ক মূলধন খ ভাড়া
গ পণ্য ক্রয় ঘ কমিশন প্রাপ্তি

১১. **ক্রেডিট নোটের সাহায্যে লেখা হয়?**
ক ক্রয় ফেরত বই খ বিক্রয় ফেরত বই
গ ক্রয়বই ঘ বিক্রয় বই

১২. **হিসাবরক্ষণের একমাত্র বিজ্ঞানসম্মত পদ্ধতি কোনটি?**
ক জাবেদা খ খতিয়ান
গ নগদান বই
ঘ দুতরফা দাখিলা পদ্ধতি

১৩. **প্রারম্ভিক মূলধনের সূত্র কী?**
ক প্রারম্ভিক মোট সম্পদ, প্রারম্ভিক মোট দায়
খ সমাপনী সম্পদ -সম্পদ মোট দায়
গ প্রারম্ভিক মোট সম্পদ-প্রারম্ভিক মোট দায়
ঘ কোনোটিই নয়

১৪. **একতরফা দাখিলা হিসাব পদ্ধতি একটি-**
i. অসম্পূর্ণ হিসাব ব্যবস্থা
ii. পূর্ণাঙ্গ হিসাব ব্যবস্থা
iii. ত্রুটিপূর্ণ হিসাব ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. **কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি?**
ক ব্যাংক থেকে গৃহীত ঋণ
খ পণ্য বিক্রয়লব্ধ অর্থ
গ প্রাপ্ত কমিশন
ঘ বিনিয়োগের সুদ

Teachingbd24.com

১৬. কোনটি মূলধন জাতীয় ব্যয়ের বৈশিষ্ট্য?
ⓚ এই ব্যয়ের ফল দীর্ঘদিন ভোগ করা যায়
ⓚ এই ব্যয়ের ফলে সম্পত্তি অর্জিত হয়
ⓖ এ জাতীয় ব্যয় বার বার সংঘঠিত হয়
ⓖ (ক + খ) সঠিক

১৭. 'সম্পত্তি মেরামত বাবদ এককালীন অত্যাধিক ব্যয়' কোন জাতীয় ব্যয়?
ⓚ মূলধন জাতীয় ব্যয়
ⓚ মুনাফা জাতীয় ব্যয়
ⓖ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ⓖ মূলধনায়িত ব্যয়

১৮. হিসাব বলতে কী বোঝায়?
ⓚ কারবারের মোট আয়-ব্যয়সমূহ
ⓚ কারবারের মোট সম্পদসমূহ
ⓖ কারবারের সকল লেনদেনসমূহ
ⓖ লেনদেনের শ্রেণিবন্ধ ও সংক্ষিপ্ত বিবরণী

১৯. কারবারের জন্য ঋণ গ্রহণ করা হলে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়বে?
ⓚ সম্পদ হ্রাস, স্বত্বাধিকার হ্রাস
ⓚ সম্পদ বৃদ্ধি, স্বত্বাধিকার বৃদ্ধি
ⓖ সম্পদ বৃদ্ধি, দায় বৃদ্ধি
ⓖ সম্পদ হ্রাস, দায় হ্রাস

২০. নিচের কোনটি সঠিক
ⓚ সম্পদ = দায় + মালিকানা স্বত্ব
ⓚ সম্পদ = দায় + পাওনাদার
ⓖ দায় = সম্পদ + মালিকানা স্বত্ব
ⓖ সম্পদ = উত্তোলন + দায়

২১. ক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয়—
ⓚ সকল পণ্য ক্রয়
ⓚ সকল নগদ পণ্য ক্রয়
ⓖ সকল ক্রয়
ⓖ সকল বাকিতে পণ্য ক্রয়

২২. বিশেষ জাবেদাকে কয়ভাগে ভাগ করা হয়েছে?
ⓚ ৬ ভাগে ⓚ ৫ ভাগে
ⓖ ৪ ভাগে ⓖ ৩ ভাগে

২৩. নিচের কোনটির নামে কোনো হিসাব লেখা হয় না?
ⓚ পণ্য ⓚ মাল
ⓖ চেক ⓖ উপরের সবকটি

২৪. খতিয়ানকে বলা হয়—
ⓚ হিসাবের খসড়া বই
ⓚ হিসাবের সহকারী বই
ⓖ হিসাবের পাকা বই
ⓖ হিসাবের বিবরণী বই

২৫. সম্পত্তিবাচক হিসাবে সাধারণত—
ⓚ ডেবিট ব্যালেন্স হয়.
ⓚ ক্রেডিট ব্যালেন্স হয়
ⓖ উভয় ব্যালেন্সই হয়
ⓖ কোনো ব্যালেন্স হয় না

২৬. প্রতিনিয়ত হিসাবের জের, সহজেই রেওয়ামিল, প্রস্তুত অন্তর্বর্তীকালীন ফলাফল নিরূপণ, সময় শ্রম ও কাগজের সাশ্রয়, সার্বক্ষণিক নজর রাখা সম্ভব, ইত্যাদি কোন ছকের সুবিধা?
ⓚ T ছক ⓚ চারঘরা খতিয়ান
ⓖ সনাতন ছক ⓖ আটঘরা ছক

২৭. কন্ট্রা এন্ট্রি হয়—
ⓚ নগদ টাকা ব্যাংকে জমা দিলে ও উঠালে
ⓚ ব্যক্তিগত প্রয়োজনে নগদ টাকা তুললে
ⓖ অতিরিক্ত মূলধন আসলে
ⓖ ব্যাংক থেকে সুদ দিলে

২৮. বর্তমানে প্রতিষ্ঠানে সবচেয়ে বেশি চাহিদা পূরণের বিষয় বিবেচনা করে কয় ধরনের নগদান বই প্রচলিত রয়েছে—
ⓚ ২ ধরনের ⓚ ৩ ধরনের
ⓖ ৪ ধরনের ⓖ ৫ ধরনের

২৯. হিসাব কার্যক্রমের ধাপ/হিসাবচক্র অনুযায়ী কোনটি সঠিক?
ⓚ রেওয়ামিল → খতিয়ান → জাবেদা
ⓚ খতিয়ান → রেওয়ামিল → জাবেদা
ⓖ জাবেদা → রেওয়ামিল → খতিয়ান
ⓖ জাবেদা → খতিয়ান → রেওয়ামিল

৩০. রেওয়ামিলের ডেবিট দিকে দেখানো হয়—
ⓚ সম্পদ, ব্যয়, বকেয়া আয় ও অগ্রিম খরচ
ⓚ সম্পদ, ব্যয়, অগ্রিম আয় ও অগ্রিম খরচ
ⓖ সম্পদ, ব্যয়, বকেয়া খরচ ও অগ্রিম আয়
ⓖ দায়, আয়, বকেয়া খরচ ও অগ্রিম আয়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

https://teachingbd24.com